

সৌদি দূতাবাস প্রতিদিন প্রচুর ভিসা ইস্যু করছে - রাষ্ট্রদূত

- A Monitor Desk Report

Date: 28 October, 2024



ঢাকাঃ বাংলাদেশে থেকে দক্ষ ও প্রশিক্ষিত কর্মী নিয়োগে আগ্রহ প্রকাশ করেছেন ঢাকায় নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত জসা ইউসুফ জসা আল-দুহাইলান। তিনি একইসঙ্গে জানিয়েছেন, সৌদি দূতাবাস প্রতিদিন প্রচুর ভিসা ইস্যু করছে।

রবিবার (২৭ অক্টোবর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্র সচিব মো. জসীম উদ্দিনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে তিনি এ কথা জানান।

পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, সাক্ষাৎকালে পররাষ্ট্র সচিব রাষ্ট্রদূতকে অন্তর্বর্তী সরকারের নেওয়া উদ্যোগ ও সংস্কার এজেন্ডা ছাড়াও দেশে সাম্প্রতিক কিছু উন্নয়নের কথা শেয়ার করেন।

রাষ্ট্রদূত পররাষ্ট্র সচিবকে জানান, সৌদি দূতাবাস প্রতিদিন প্রচুর ভিসা ইস্যু করছে, ইতোমধ্যে সৌদিতে নিয়োজিত ৩০ লাখ কর্মী যুক্ত হয়েছে। সৌদি আরব সরকারের সবুজ উদ্যোগ বাস্তবায়ন এবং দেশটির ভিশন ২০২৩-এর অধীনে মেগা প্রকল্পে দক্ষ ও প্রশিক্ষিত কর্মী নিয়োগের আগ্রহ প্রকাশ করেন।

পররাষ্ট্র সচিব আঞ্চলিক উত্তেজনা কমাতে এবং স্থিতিশীলতা বৃদ্ধিতে সৌদি আরবের ভূমিকার প্রশংসা করেন। ইসলামী উম্মাহর নেতৃত্বের ভূমিকার প্রশংসা করে তিনি আঞ্চলিক স্থিতিশীলতা অর্জনে সৌদির প্রতি বাংলাদেশের অটুট সমর্থন পুনর্ব্যক্ত করেন। তিনি ফিলিস্তিনি সমস্যার সঙ্গে বাংলাদেশের সংহতি প্রকাশ করেন এবং দ্বি-রাষ্ট্র সমাধানের জন্য জরুরি পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান।

রাষ্ট্রদূত আসন্ন ২০৩৪ ফুটবল বিশ্বকাপ এবং আইওরাসহ বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে সৌদির প্রতি বাংলাদেশের অবিচল সমর্থনের কথা স্মরণ করে কৃতজ্ঞতা প্রকাশ করেন।

বৈঠকে রাষ্ট্রদূত ঢাকায় আইকনিক মসজিদ এবং একটি আরবি ভাষা ইনস্টিটিউট প্রতিষ্ঠাসহ বুলে থাকা সৌদির কয়েকটি উদ্যোগের বিষয়ে পররাষ্ট্র সচিবকে অবহিত করেন। সেগুলো ত্বরান্বিত করতে সহযোগিতা কামনা করেন। রাষ্ট্রদূত সচিবকে বন্দরে সরবরাহ এবং নবায়নযোগ্য ও

বিদ্যুৎ খাতে বর্তমান সৌদি বিনিয়োগ উদ্যোগ সম্পর্কে অবহিত করেন।

উভয়পক্ষ দুই দেশের সরকারের মধ্যে রাজনৈতিক পরামর্শ এবং উচ্চ-পর্যায়ের যৌথ অর্থনৈতিক কমিশন (জেইসি) পাশাপাশি জনশক্তি সম্পর্কিত জয়েন্ট টেকনিক্যাল কমিটির (জেটিসি) বিষয়ে ক্রমাগত সম্পৃক্ততা বজায় রাখার প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

-B